গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কখ ৩৩৯৫০৭৬

## পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশন (পিকেএসএফ) এবং যুব উন্নয়ন অধিদপ্তর-এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক

## (Memorandum of Understanding)

কর্ম-সংস্থানের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ ত্বরান্বিত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালনাধীন যুব উন্নয়ন প্রশিক্ষণ এবং প্রশিক্ষিত যুবদের ঋণ সহায়তা দিয়ে উৎপাদনমুখী আয়সঞ্চারনমূলক কাজে নিয়োজিতকরণ কার্যক্রমের আওতায় পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশন (পিকেএসএফ)- এর সহযোগী সংস্থাদের দ্বারা পরিচালিত ক্ষুদ্র উদ্যোগ ঋণ কার্যক্রমের মাধ্যমে প্রশিক্ষিত যুবদের ঋণ সহায়তা প্রদানে পিকেএসএফ এবং যুব উন্নয়ন অধিদপ্তর একযোগে কাজ করতে সম্মত হয়ে উভয় প্রতিষ্ঠানের মধ্যে অদ্য ০৪ মার্চ, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে পিকেএসএফ ভবনে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলো ঃ

পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশন (পিকেএসএফ) কর্ম-সংস্থানের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণে সরকার কর্তৃক ১৯১৩ সালের কোম্পানী আইনের আওতায় প্রতিষ্ঠিত ''লাভের জন্য নহে প্রতিষ্ঠান'' কোম্পানী যার ঠিকানা-প্লট নং- ই-বি/৪, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা -১২০৭। ১৯৯০ সালে প্রতিষ্ঠার পর থেকে পিকেএসএফ সহযোগী সংস্থা (এনজিও)-দের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়নে আর্থিক সহায়তা প্রদানসহ বিভিন্ন উন্নয়ন কর্মসূচি ও প্রকল্প পরিচালনা করে আসছে। যেহেতু দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর জীবন-মান উন্নয়নের ক্ষেত্রে কারিগরি প্রশিক্ষণের পাশাপাশি আর্থিক সেবা প্রদানের প্রয়োজনীয়তা অনস্বীকার্য, সেজন্যে পিকেএসএফ যুবদের আত্মকর্মসংস্থান সৃজনে সহায়তার লক্ষ্যে ঋণ সুবিধা প্রদানের জন্য উদ্বুদ্ধ করতে আগ্রহী।

অন্যদিকে, বাংলাদেশ সরকারের যুব উন্নয়ন অধিদপ্তর দেশের যুবসমাজের উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ অধিদপ্তর, যার ঠিকানা-যুব ভবন, ১০৮ মতিঝিল বা /এ, ঢাকা-১০০০ এবং আত্মকর্মসংস্থানে নিয়োজিত যুবদেরকে বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ এবং আর্থিক সহায়তা প্রদান করে থাকে। দেশের যুব সম্প্রদায়কে দক্ষ মানবসম্পদে পরিণত করে উন্নয়নের মূল স্রোতধারায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে এবং প্রশিক্ষিত যুবদের ঋণ সহায়তা দিয়ে উৎপাদনমুখী আয়সঞ্চারনমূলক কাজে নিয়োজিত করে তাদেরকে সফল আত্মকর্মী হিসেবে প্রতিষ্ঠিত করতে কাজ করে যাচ্ছে। যুব উন্নয় অধিদপ্তর শুরু থেকে এ পর্যন্ত মোট ৪০,৮৪,১৫৫ জন যুবক ও যুবমহিলাকে বিভিন্ন ট্রেডে স্বল্প ও দীর্ঘ মেয়াদি প্রশিক্ষণ দিয়েছে। এদের মধ্যে প্রায় ২০,০২,৪৩৬ জন আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হয়েছে। তাদের মধ্যে ৮,০২,০৬৫ জন যুব উন্নয়ন অধিদপ্তর হতে ঋণ সুবিধা গ্রহণ করে সমাজে প্রতিষ্ঠিত হতে পেরেছে। যেহেতু যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ তহবিলের পরিমাণ অপ্রতুল, জনবল ও প্রাসঙ্গিক লজিস্টিক সামর্থ্য কাঙ্খিত মাত্রায় নেই এবং টেকসইভাবে আত্মকর্মসংস্থানে নিয়োজিত হওয়ার জন্য প্রশিক্ষিত যুবক ও যুবমহিলারা ঋণ/ আর্থিক সহায়তা গ্রহণে আগ্রহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কখ ৩৩৯৫০৭৩

সেহেতু যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষণপ্রাপ্ত যুবদেরসহ তৃণমূল পর্যায়ের অপ্রশিক্ষিত যুবদের সংগঠিত করে আত্মকর্মসংস্থান সৃজনে কারিগরি প্রশিক্ষণ ও ঋণ সুবিধা প্রদান ও পিকেএসএফ-এর চলমান ক্ষুদ্র উদ্যোগ ঋণ কার্যক্রমভুক্ত উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে পিকেএসএফ এবং যুব উন্নয়ন অধিদপ্তর এ সমঝোতায় উপনীত হলো। এ সমঝোতা স্মারক অনুযায়ী উভয় প্রতিষ্ঠান নিম্নোক্ত কর্মকাণ্ড সম্পাদন করবে-

১) পিকেএসএফ ক্ষুদ্র উদ্যোগ ঋণ কার্যক্রম পরিচালনাকারী সহযোগী সংস্থাকে স্ব-স্ব সংস্থার ক্ষুদ্র উদ্যোগ ঋণ নীতিমালার আলোকে যথাযথ নিয়মনীতি মেনে প্রশিক্ষিত যুবক ও যুবমহিলার মধ্য থেকে যোগ্য এবং আগ্রহীদেরকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য উৎসাহিত করবে;

২) পিকেএসএফ-এর সহযোগী সংস্থা নিজস্ব বিবেচনায় ক্ষুদ্র উদ্যোগ ঋণ নীতিমালার আওতায় ঋণ বিতরণ, আদায় এবং ঋণ তদারকী কার্যক্রম পরিচালনা করবে;

৩) যুব উন্নয়ন অধিদপ্তর তার নিজস্ব/ প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী নির্বাচিত যুবদের প্রশিক্ষণসহ সকল কারিগরি সহায়তা ও সুযোগ সুবিধা প্রদান করবে;

৪) যুব উন্নয়ন অধিদপ্তর সকল প্রশিক্ষিত যুবক ও যুবমহিলার বিস্তারিত তালিকা পিকেএসএফ এবং নির্বাচিত সহযোগী সংস্থাকে প্রদান করবে;

৫) পিকেএসএফ-এর অনুরোধে যুব উন্নয়ন অধিদপ্তর পিকেএসএফ-এর অর্থায়নে পরিচালিত ক্ষুদ্র উদ্যোগ ঋণ কার্যক্রমভুক্ত উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর তার প্রতিষ্ঠানের নিয়মনীতির আওতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

৬) সম্পাদিত সমঝোতা স্মারক এর কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর ও পিকেএসএফ কর্তৃক আয়োজিত সেমিনার, কর্মশালা, সমাবেশ ইত্যাদিতে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করবে;

৭) উভয় পক্ষ স্ব- স্ব প্রতিষ্ঠানের নিয়মনীতি মেনে একে অপরকে সহায়তা করবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কখ ৭৫৭৮৬১৬

সমঝোতা স্মারকে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের পক্ষে ড. জসীম উদ্দিন, উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং যুব উন্নয়ন অধিদপ্তর, বাংলাদেশ- এর পক্ষে অসিত কুমার মুকুটমণি, মহাপরিচালক নিম্নে স্বাক্ষর প্রদান করলেন।

পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশন- এর পক্ষে

(ড. জসীম উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন ও অর্থ)

উপ-ব্যবস্থাপনা পরিচালক
পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

যুব উন্নয়ন অধিদপ্তর বাংলাদেশ-এর পক্ষে

০৪/০৩/১৪

(অসিত কুমার মুকুটমণি)
মহাপরিচালক

সাক্ষী :
১।

৪/৩/২০১৪

সাক্ষী:
১।

৪/৩/১৪